## ১৩ নং তন্তর ইউনিয়ন পরিষদ

## শ্রীনগর, মুন্সীগঞ্জ

সকল আর্থিক প্রতিষ্ঠানের নির্দিষ্ট কিছু কার্যাবলী থাকে। ইউনিয়ন পরিষদ যেহেতু একটি স্থানীয় শাখার স্বায়ত্তশাসিত আর্থিক প্রতিষ্ঠান। তাই ইউনিয়ন পরিষদেরও কিছু নির্দিষ্ট কার্যাবলী রয়েছে। নিম্নে উক্ত কার্যাবলী সম্পর্কে আলোচনা করা হলো।

ইউনিয়ন পরিষদের প্রধান কার্যাবলী নিম্নরুপ :

(ক) প্রশাসন ও সংস্থাপন বিষয়াদি;

(খ) জনশৃংখলা রক্ষা করা;

(গ) জনকল্যাণমূলক কার্য সম্পর্কিত সেবা;

(ঘ) স্থানীয় অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

ইউনিয়ন পরিষদ কর্তৃক আরোপিত কর, রেইট, টোল, ফিস এবং অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়।

১। পাকা ইমারতের সবর্মোট আয়তনের প্রতি বগর্ফুটের উপর নির্ধারিত হারে ইমারত পরিকল্পনা অনুমোদন ফি।

২। পেশা, ব্যবসা এবং বৃত্তির (কলিং) উপর কর।

৩। সিনেমা, ড্রামা ও নাট্য প্রদর্শনী এবং অন্যান্য আমোদ-প্রমোদ এবং চিত্ত বিনোদনের উপর কর।

৪। ইউনিয়ন পরিষদ কতৃর্ক প্রদত্ত লাইসেন্স এবং পারমিটের উপর ফি।

৫। ইউনিয়নের সীমানার মধ্যে নির্ধারিত হাট-বাজার এবং ফেরী ঘাট হইতে ফি।

৬। ইউনিয়নের সীমানার মধ্যে হস্তান্তরিত জলমহাল-এর সরকার নির্ধারিত অংশ ।

৭। ইউনিয়নের সীমানার মধ্যে অবস্থিত পাথরমহাল, বালুমহালের আয়ের সরকার নির্ধারিত অংশ।

৮। স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ আয়ের অংশ।

৯। নিকাহ নিবন্ধন ফি।

১০। ভূমি উন্নয়ন কর সংক্রান্ত আয়ের অংশ।

### ইউনিয়ন পরিষদের কাযাবর্লী

১। পঞ্চবার্ষিকী ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী ও বাস্তবায়ন ।

২। পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষন ও রক্ষনাবেক্ষন ।

৩। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা কাযক্রম সম্পর্কিত ।

৪। স্বাস্থ্য, পরিবার পরাকল্পনা সম্পর্কিত কাযক্রম বাস্তবায়ন।

৫। কৃষি, মৎস্য ও পশু সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৬। মহামারী নিয়ন্ত্রণ ও দুর্যোগ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কাযক্রম গ্রহণ।

৭। কর, ফি, টোল, ফিস ইত্যাদি ধার্যকরন ও আদায়।

৮। পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যান সম্পকির্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন।

৯। খেলাধুলা, সামাজিক উন্নতি সংস্কৃতি ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন ও সহযোগিতা প্রদান।

১০। পরিবেশ উন্নয়ন ও সংরক্ষনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন।

১১। আইন - শৃংখলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন।

১২। জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ।

১৩। সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠের হেফাজত করা।

১৪। ইউনিয়ন পরিষদের রাস্তায় ও সরকারি স্থানে বাতি জ্বালানো।

১৫। বৃক্ষ রোপন ও সংরক্ষন এবং বৃক্ষসম্পদ চুরি ও ধ্বংস প্রতিরোধ।

১৬। কবরস্থান, শ্মশান, জনসাধারনের সভার স্থান ও অন্যান্য সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষন ও পরিচালনা ।

১৭। জনপথ, রাজপথ ও সরকারি স্থানে অনধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত বন্ধ করা ।

১৮। জনপথ রাজপথের ক্ষতি, বিনষ্ট বা ধ্বংস প্রতিরোধ করা।

১৯। অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবস্থা নিয়ন্ত্রণ।

২০। মৃত পশুর দেহ অপসারন ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ ।

২১। ইউনিয়নের নতুন বাড়ি, দালান নির্মাণ ও পুন: নির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণ ।

২২। কুয়া পানি তোলার কল, জলধারা, পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য উৎসের ব্যবস্থাপনা ও সংরক্ষন।

২৩। খাবার পানির উৎসের দূষন রোধ এবং পানি সরবরাহের অন্যাণ্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধ করা।

২৪। গোবর ও রাস্তার আবর্জনা সংগ্রহ, অপসারন ও ব্যবস্থাপনা নিশ্চত করা ।

২৫। আবাসিক এলাকার মধ্যে চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা।

২৬। আবাসিক এলাকার মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তু উত্তোলন নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা।

২৭। আবাসিক এলাকায় ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটি নির্মাণ নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা ।

২৮। অগ্নি, বন্যা ঝড়, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুযোর্গ মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন বা সহায়তা করা।

২৯। বিধবা, এতিম, গরীব ও দু:স্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষন ও সাহায্য করা।

৩০। সমবায় আন্দোলন ও গ্রামীন শিল্পের উন্নয়ন ও উৎসাহ প্রদান।

৩১। বাড়তি খাদ্য উৎপাদনের ব্যবস্থা গ্রহন।

৩২। গবাদি পশুর খোয়ার নিয়ন্ত্রণ ও রক্ষনাবেক্ষনের ব্যবস্থা করা।

৩৩। প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা ।

৩৪। ইউনিয়ন বাসিন্দাদের নিরাপত্তা, আরাম-আয়েশ বা সুযোগ সুবিদার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা ।

৩৫। ই-গভর্ণেস চালু ও উৎসাহিত করা।

৩৬। ইউনিয়ন পরিষদের মত সদৃশ নিয়োজিত অন্যান্য সংস্থার সাথে সহযোগিতা সম্প্রসারন ।

৩৬। সরকার কতৃর্ক সময়ে সময়ে আরোপিত দায়িত্বাবলী।